

স্পেকটাকুলার্টস : SpectaculArts

ডান্স | আর্টস | থিয়েটার | মিউজিক

শনিবার ৭ই সেপ্টেম্বর ২০১৯ | বেডফোর্ড পার্ক | সকাল ১১.৩০ থেকে সন্ধ্যা ৬টা

বিভিন্ন শ্রেণীর কমিউনিটি বেডফোর্ড কমিউনিটি পরিচালনা করে, শিল্পকলা ও শিক্ষার মাধ্যমে জনগনকে একত্র করে
বিভিন্নতা আমাদের একত্র করে।

বেডফোর্ডে রয়েছে সমৃদ্ধ এবং বহু জাতির জনগন। এই বৈশিষ্ট্য কাজে লাগিয়ে ‘স্পেকটাকুলার্টস’ এই বিভিন্নতাকে সমৃদ্ধশালী, উন্নত এবং উদযাপনের উদ্দেশ্যে বিভিন্ন অনুষ্ঠান আয়োজন করতে চায়। বেডফোর্ডের জনগোষ্ঠীর শতকরা ৩০ভাগই অশেতাঙ্গ ব্রিটিশ। এগুলো হলো সুপ্রতিষ্ঠিত কমিউনিটি, যাদের নিজস্ব জাঁক-জমকপূর্ণ সাংস্কৃতিক ঐতিহ্য ও অনুষ্ঠান রয়েছে। ‘স্পেকটাকুলার্টস’ একটা অনুষ্ঠান আয়োজন করার জন্য, এই সব কমিউনিটিকে একমঞ্চে নিয়ে আসতে চায়, যে অনুষ্ঠান এই সব জনগোষ্ঠীর নিজস্ব বৈশিষ্ট্য উদযাপন করবে। একটা চমৎকার, আনন্দময়, শক্তিশালী অনুষ্ঠানের মাধ্যমে বেডফোর্ডের বিভিন্ন জাতির বহু লোককে জড়িত করে এটা বার্তা ও শিক্ষা দেবে।

স্পেকটাকুলার্টস-এর উদ্দেশ্য হলো:

- মিউজিক, ডান্স এবং প্রমোদানুষ্ঠানের মাধ্যমে এই শহরের বৈচিত্র্য ও দক্ষতা প্রদর্শন করা
- বিভিন্ন কমিউনিটির নানারকম সাংস্কৃতিক ঐতিহ্য সম্পর্কে উন্নততর বোঝাপড়া সৃষ্টি করা
- বেডফোর্ডের মধ্যে বিভিন্ন ব্যক্তি ও গ্রুপ ইতিমধ্যে যে সব গুরুত্বপূর্ণ কার্যক্রম গ্রহণ করেছে, সে সব তুলে ধরা ও নতুন কিছু করতে উৎসাহ দেওয়া
- বেডফোর্ডের বিভিন্ন কমিউনিটি ও সংস্কৃতির মধ্য থেকে, জনগনকে একত্র করে, আগামী ৭ই সেপ্টেম্বর (২০১৯) শনিবার, একটা আনন্দদায়ক অনুষ্ঠান আয়োজন করার জন্য জড়িত করা এবং তারপর থেকে বছরে দুইবার এরকম অনুষ্ঠান করা
- একটা অনুষ্ঠানের আয়োজন করা, যা আগামী বছরগুলোতে একই রকম অনুষ্ঠানের জন্য ভিত্তি স্থাপন করবে এবং এই এলাকায় সৌহার্দ ও বন্ধুত্ব উন্নত করবে
- আমাদের চ্যারিটির অংশীদার ‘ডিকেএমএস’-এর জন্য অর্থ সংগ্রহ করা এবং স্টেম সেল ডোনেশনের জন্য উৎসাহ দেওয়া

- টিচার ভলান্টিয়ার এবং ব্যবসায়ী কমিউনিটির সাথে একসঙ্গে কাজ করার সময়, আমাদের তরুণদের জন্য ওয়ার্কশপ করতে সাহায্য করা ও উৎসাহ দেওয়া
- জাতীয় পর্যায়ে বেডফোর্ডের মান উন্নত করা

অ্যাডভার্টাইজমেন্ট, স্পনসরশিপ এবং ডোনেশন

বিজ্ঞাপনের ব্যাপারে আপনারা জেনে খুশী হবেন যে ‘স্ট্রীট আর্ট ফেস্টিভালের’ জন্য আমরা একটা পুস্তিকা/প্রোগ্রাম তৈরী করছি- যা ১২০,০০০ কপি ছাপানো হবে। এখানে ব্যবসা প্রতিষ্ঠানগুলো বিজ্ঞাপন দিতে পারে, যে কোনো প্রতিষ্ঠান এবং আপনিও সমর্থন জানিয়ে আপনার নাম দিয়ে একটা ব্যক্তিগত বিজ্ঞাপন দিতে পারেন।

‘স্পেকটাকুলার্টস’ সব সময়ই স্পনসর খুঁজছে, আমাদের সোশ্যাল মিডিয়ার প্লাটফর্মগুলোতে আপনার ‘লোগো’ সব সময়ই প্রদর্শিত হবে। আমাদের ওয়েবসাইট থেকে আপনার কোম্পানীর লিঙ্ক দেওয়া হবে ও আমাদের পুস্তিকা/প্রোগ্রামে প্রকাশিত হবে। স্পনসরের প্যাকেজ বেছে নেওয়ার ভিত্তিতে ‘স্ট্রীট আর্ট ফেস্টিভাল’-এ অংশ নেওয়ার জন্য আমাদের জানান।

ব্যক্তি, প্রতিষ্ঠান এবং গ্রুপের পক্ষ থেকে ডোনেশনের জন্য নিচের ওয়েবসাইটে যাবেন:

<https://www.spectacularts.co.uk/donations-sponsorship-advertising/>

আগামী বছরগুলোর জন্য ‘স্পেকটাকুলার্টস’ একটা স্থায়ী ও সফল প্রতিষ্ঠান হতে চায়। তাহলে, আপনার মানি কোথায় যাচ্ছে? আপনি যদি আমাদের কার্যক্রম অনুসরণ করে থাকেন, তাহলে দেখতে পাবেন যে, কমিউনিটির মধ্যে আমরা খুব সক্রিয় রয়েছি, অন্যান্য প্রতিষ্ঠান ও স্কুলগুলোর গুরুত্ব বাড়িয়ে দিচ্ছি এবং আরও সুযোগ সুবিধা সৃষ্টি করার জন্য কোম্পানীগুলোর সাথে কঠোর পরিশ্রম করছি। আমাদের কমিটিগুলো ভলান্টিয়ার হিসাবে কাজ করে, কারণ আমরা সত্যিকারভাবে এই প্রোজেক্টে বিশ্বাস করি এবং এ জন্য ১২মাস কাজ করছি। আমাদের তরুণ কমিটি মেম্বারদের জন্য ও আমাদের টীমের জন্য ভবিষ্যতে আমরা অর্থ প্রদায়ী কাজ সৃষ্টি করতে চাই।

সংক্ষেপে:

- ‘স্পেকটাকুলার্টস’ হলো একটা অলাভজনক প্রতিষ্ঠান এবং ডোনেশন ও বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে অর্থ সংগ্রহ করে এর খরচ মেটানো হয়

- আমাদের প্রতিষ্ঠান অংশীদারত্বের ভিত্তিতে কাজ করে এবং কাউন্টির মধ্যে ও তার বাইরে, বেডফোর্ড সম্পর্কে ভাল ধারণা সৃষ্টি করে এবং তরুণ ব্যক্তিদের সাহায্যের ব্যাপারে গুরুত্ব দিয়ে, সকলের জন্য অনুষ্ঠান ও সুযোগ-সুবিধা সৃষ্টি করে, স্থানীয় এলাকার কমিউনিটির ও ব্যবসা-বানিজ্যের উন্নতি করা
- আমাদের দীর্ঘ-মেয়াদী লক্ষ্য হলো বেডফোর্ডের জন্য একটা বহু উদ্দেশ্যসাধক কমিউনিটি কেন্দ্র/ভবন তৈরী করা
- স্পেকটাকুলার্টসকে সাহায্য করার মাধ্যমে, আমাদের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে ও আমাদের অংশীদারদের প্ল্যাটফর্মে আপনি পরিচিত লাভ করবেন, যা ১২৫০০ লোকের কাছে পৌঁছে দিতে পারে। অংশীদারদের মধ্যে রয়েছে বেডফোর্ড ইন্ডিপেন্ডেন্ট, উই লাভ বেডফোর্ড ও বেডফোর্ড বরো কাউন্সিল
- আগামী বছরগুলোতে 'স্পেকটাকুলার্টস' একটা স্থায়ী ও সফল প্রতিষ্ঠান হতে চায়

ডোনেশন: এটা বিভিন্ন ব্যক্তির কাছ থেকে, প্রতিষ্ঠান ও গ্রুপের কাছ থেকে হতে পারে। BACS এর মাধ্যমে পাঠাবেন:

SpectaculArts : sort code 20 05 73 : account no 20785385

https://docs.google.com/forms/d/e/1FAIpQLSeB94h4qnmuq1Dg_TM94IoB8gluVxwWHotjxaKe3ZDfERUHjg/viewform?vc=0&c=0&w=1

স্পেকটাকুলার্টস

ব্রিকহিল ড্রাইভ, বেডফোর্ড, এমকে৪১ ৭পিএইচ

SpectaculArts

Brickhill Drive, Bedford, MK41 7PH

কোনো কিছু জানতে হলে মেহেরবানি করে ই-মেইল করবেন: amanda@spectacularts.co.uk

টেলিফোন: 01234 861 656, ই-মেইল: info@spectacularts.co.uk, <https://www.spectacularts.co.uk/>

ফেসবুক: <https://www.facebook.com/BedsSpectaculArts/>,

টুইটার: <https://twitter.com/Spectacularts1>

ইনস্টাগ্রাম: <https://www.instagram.com/spectacularts1/>